



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd)



অতীব জরুরি

স্মারক নং-বামাশিবো/পরী:/আলিম-২০২২/৩১৬

তারিখ : ১৮ শ্রাবণ, ১৪২৯  
০২ আগষ্ট, ২০২২

**বিষয় : ২০২২ সালের আলিম পরীক্ষার কেন্দ্র পরিচালনা কমিটি গঠন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন ২০২২ সালের আলিম পরীক্ষা ২০২২ সালের নভেম্বর মাস থেকে শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে। তাঁর জেলা/উপজেলার কেন্দ্রসমূহের আলিম পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য তত্ত্বাবধায়ক কর্মকর্তা ও ভারপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করত তাদের নামের তালিকা আগামী ৩১/০৮/২০২২ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ডাকযোগে অথবা ই-মেইলের মাধ্যমে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

জেলা সদরের কেন্দ্রের ক্ষেত্রে জেলা প্রশাসক, উপজেলার কেন্দ্রের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার আলিম পরীক্ষা কেন্দ্রের তত্ত্বাবধায়ক কর্মকর্তা হবেন। সরকারি মাদ্রাসার কেন্দ্রের ক্ষেত্রে মাদ্রাসার অধ্যক্ষ তত্ত্বাবধায়ক কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

আলিম পরীক্ষা কেন্দ্রের কেন্দ্রস্থিত মাদ্রাসার অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ কেন্দ্র কমিটির ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। যৌক্তিক কোন কারণে তিনি এ দায়িত্ব পালনে অপারগ হলে কেন্দ্রের আওতাধীন অন্য যে কোন মাদ্রাসার অধ্যক্ষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে তত্ত্বাবধায়ক কর্মকর্তা কর্তৃক মনোনীত হবেন। সরকারি মাদ্রাসার ক্ষেত্রে যে কোন সহকারি অধ্যাপক ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন।

উল্লেখ্য যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক কেন্দ্রসচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব থেকে অব্যাহতিপ্রাপ্ত কোন ব্যক্তি ভারপ্রাপ্ত কর্মকর্তা হতে পারবেন না।

মোঃ কামাল উদ্দিন

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১০২০২

ই-মেইল : [controller@bmeb.gov.bd](mailto:controller@bmeb.gov.bd)

জেলা প্রশাসক

সকল জেলা।

স্মারক নং-বামাশিবো/পরী:/আলিম-২০২২/৩১৬

তারিখ : ১৮ শ্রাবণ, ১৪২৯  
০২ আগষ্ট, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- (১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- (২) বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ;
- (৩) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) (সকল); কেন্দ্র পরিচালনা কমিটি গঠনে সহযোগিতার অনুরোধসহ;
- (৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল); কেন্দ্র পরিচালনা কমিটি গঠনে সহযোগিতার অনুরোধসহ
- (৫) সংশ্লিষ্ট সকল অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ; অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/ উপজেলা নির্বাহী অফিসার এর সাথে পরামর্শক্রমে কেন্দ্র কমিটি গঠনের অনুরোধসহ
- (৬) প্রোগ্রামার আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (তাকে বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- (৭) চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- (৮) পি.এ. টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- (৯) অফিস কপি।

মোহাম্মদ আব্দুস সালাম

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (পরীক্ষা)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২৯৬৭৫২৪৮

E-mail: [dcexam@bmeb.gov.bd](mailto:dcexam@bmeb.gov.bd)